দৈনিক ইনকিলাব

MAR 2 2001
তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# ইউকসু নির্বাচনের দাবীতে বুয়েটে ছাত্র ধর্মঘট পালিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** অবিলম্বে ইউকসু নির্বাচনের তারিখ ঘোষণা ও ছাত্র কল্যাণ পরিচালকের পদত্যাগ দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল (রবিবার) বুয়েটে ছাত্র ধর্মঘট পালন করে

ছাত্র ধর্মঘট চলাকালে গতকাল, সকালে বুয়েট শাখা ছাত্রদলের একটি মিছিল বুয়েট ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে শহীদ মিনার চত্বরে সমাবেশে মিলিত হয়। শাখা ছাত্রদল সভাপতি গোলাম মোস্তফার সভাপতিতে এবং সাধারণ সম্পাদক মোকাম্মেল হায়াত খান মুকির পরিচালনায় সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদলের কেন্দ্রীয় নেতা এম এ হাসেম রাজু, আবুল হাসাইন মঞ্জুর মোর্শেদ, আর এস এম রেজা, মাহবুব মিনহাজ, ঈসা, এহসান, রিজভী, রুমু, হাবিব, সায়হান এহসান, শরীফ, বাদশা, মহিম, লিটন, সাদেক, রমি, জুয়েল প্রমুখ।

## বুয়েটে ছাত্র ধর্মঘট

৮-এর পৃষ্ঠার পর

প্রধান অতিথির বক্তব্যে এম এ হাশেম রাজু ছাত্রকল্যাণ পরিচালকের উদ্দেশ্যে বলেন, ছাত্র সমাজের প্রাণের দাবী ইউকসু নির্বাচন দিয়ে নিজেদের নিরপেক্ষতা প্রমাণ করুন। নতুবা পদত্যাগ করুন। অন্যথায় ছাত্রদল সাধারণ ছাত্রছাত্রীদের নিয়ে বৃহত্তর আন্দোলনের মাধ্যমে পদত্যাগে বাধ্য করবে।

গোলাম মোস্তফা বলেন, বর্তমান প্রশাসন ছাত্রলীগের পরাজয় আঁচ করতে পেরে ইউকসু নির্বাচন তফসিল ঘোষণা না করে আওয়ামী দালাল হিসেবে নিজেদের প্রতিষ্ঠিত করেছেন।

মোকাম্মেল হায়াত খান মুকি বলেন, ছাত্র সমাজের অধিকার প্রতিষ্ঠা করার লক্ষ্যে অবিলম্বে ইউকসু নির্বাচন দিতে হবে।